# হেসে খেলে বাংলা শিখি

## দ্বিতীয় খণ্ড



হে আমার রব!
আমার ইলম বৃদ্ধি করে দিন।
(সূরা ত্বহা : ১১৪)

# প্রথম অধ্যায়

## বর্ণের ভিত্তিতে ছড়া

(শিক্ষক ও অভিভাবকগণ নিজেরা মুখে মুখে শিশুদেরকে বলবেন; শিশুরা শুনে শুনে যতটুকু পারে মনে রাখবে; মুখস্ত করার জন্য চাপ দেব না। সব ছড়া মুখস্ত করার দরকার নেই। ছড়ার কথাগুলো একটু বুঝিয়ে দিবেন)

### অ অহংকার

অহংকার ভালো নয়,
তাতে বান্দার পতন হয়।
পাপের ফলে নেকি ক্ষয়,
ঈমান-আমল ধ্বংস হয়।





### আ আল্লাহ

আল্লাহ বড় মেহেরবান
বুকে মোদের আল কুরআন
আল্লাহর বলে বলীয়ান
আমরা সবাই মুসলমান।

## ই ইসলাম



ইসলাম মোদের দ্বীন,
হৃদয়ে পূর্ণ ঈমান,
ইসলামে রয়েছে শান্তি,
ইসলামেই কল্যাণ।



## ঈ ঈদ

ঈদগাহেতে, ঈদ-সালাতে,
আমীর-ফকির একসাথে।
ঈদের খুশি ভাগ করতে
খানা খাব একপাতে।

## উ উৎসব

এক আল্লাহ মোদের রব,
নিজ ধর্ম নিজ উৎসব।
পরধর্মের উৎসবে যাব না,
পাপের ভাগী হব না।




## উ ঊষা (ভোরের সূর্য)

আঁধার ঠেলে এলো ঊষা
উজ্জ্বল করে ধরা,
কুরআন বুকে এলো শিশু,
তাওহীদের নূরে গড়া।



## ঋ ঋতু



ষড়ঋতুর বাংলাদেশ,
রূপ-রসের নেই শেষ।
সকল ধর্মের সমাবেশ,
সুখে-দুখে আছি বেশ।

## এ এক

এক আল্লাহ্
এক উম্মাহ (মুসলিম)
এক ধর্ম (ইসলাম)
এক কর্ম (ইবাদাত)
এক পথ (সুন্নাহ)
এক নিয়ত (আল্লাহর সন্তুষ্টি)



## ঐ ঐক্য

মুসলিম জাতির ঐক্য চাই
হিংসা-দ্বেষের নেই যে ঠাঁই
সব মুসলমান আমার ভাই
তাঁদের কষ্টে কষ্ট পাই।



## ও ওজন



ওজনে ঠকানো ভালো নয়,
এতে মহাপাপ হয়।
সৎ ব্যবসা করব,
পবিত্র জীবন গড়ব।

## ঔ ঔষধি (গাছ-গাছড়া)

নামায পড়ো সবর করো রোগ-ব্যাধিতে,
নিরাময় যে রেখেছেন আল্লাহ ঔষধিতে।



## ক কুরবানি



পশু কুরবানি হ'তে শিক্ষা নিব
জানে-মালে দ্বীনের সেবা দিব।
পরের হিতে নিজের জীবন দান
উত্তম পুরস্কার রেখেছেন দয়াবান।

## খ খেজুর



খেজুর পুষ্টিকর ও সুস্বাদু,
মরুর ফল যেন মিষ্টি মধু।
শক্তি জোগায় মিটায় ক্ষুধা,
আজওয়া খাও, বাড়বে মেধা।

## গ গোলাম (চাকর, দাস)



আল্লাহ মোদের প্রভু,
আমরা তাঁর গোলাম।
অবাধ্য হব না কভু,
মানবো তাঁর কালাম।

## ঘ ঘর



প্রাসাদ নয়, মাটির ঘরে
সেথায় নবি বসত করে।
সরল মানুষ সহজ জীবন,
করি শ্রেষ্ঠ নবির অনুসরণ।



## ঙ রঙ-তামাসা

রঙ-তামাশায় মত্ত হয়ে,
পাপ-পথে না চলি,
কবরেতে যেতেই হবে,
এই কথাটি না ভুলি।


## চ চাঁদ

চন্দ্র-সূর্য দূর আসমানে
ভেসে বেড়ায় মহাশূন্যে
পড়ে না যে খসে জমিনে।
বলো, এ রহস্য কে জানে?
আল্লাহ !



## ছ ছবি

প্রাণীর ছবি আঁকব না,
গান-বাজনা শিখব না।
মূর্তি কভু গড়ব না,
পরের জিনিস ধরব না।



## জ জাল



জেলে ভাই জাল ফেলে
ধরে মাছ খালে বিলে।
সব কালে সব হালে
সবার রিযিক মেলে

## ঝ ঝগড়া

ঝগড়া-ফ্যাসাদ ভালো নয়,
সুখ-শান্তি নষ্ট হয়।
লোকে তাতে মন্দ কয়,
আল্লাহ তাআলা নারাজ হয়।



## ঞ মিঞা

মিঞা ভাই ঈমানদার,
আল্লাহতে ভরসা তাঁর।
মুসিবতে সবর করে
সুখ-শান্তির সংসার।



## ট টাটকা ফল



শাক সবজি, টাটকা ফল
শিশুর দেহে জোগায় বল।
সুস্থ দেহে সুন্দর মন,
আল্লাহর দান, সুখী জীবন।

## ঠ ঠকানো

লোক ঠকানো ভালো নয়,
বান্দার হক নষ্ট হয়,
লোকে তাকে ঠগ কয়।
যালিম তার পরিচয়।



## ড ডিম

ডিমের মাঝে পাখির ছানা,
লুকিয়ে থাকে, দেখা যায় না।
এ ভেদ কার আছে জানা?
আল্লাহ! তিনি সবার চেনা।





## ঢ ঢাল

ঢালেতে আঘাত ঠেকে,
পরাভূত করে শত্রুকে।
রোজাতে গুনাহ রোখে,
পবিত্র করে ঈমানকে।

## ণ ঋণ

সুদী ঋণ বর্জন করি
সুদমুক্ত জীবন গড়ি।
কর্জে হাসানা উত্তম ঋণ
আত্মীয় মাঝে ছড়িয়ে দিন।



## ত তাকদীর

মুন্সিচাচা ভারি দ্বীনদার,
তাকদীরে পূর্ণ বিশ্বাস তাঁর।
ভালো-মন্দ আল্লাহর হাতে,
নেক কাজ করে দিবারাতে।



## থ থাবা



শয়তানের থাবা হতে
বাঁচতে যদি চাও।
হাদীস-কুরআন শিখতে
সবে মাদ্রাসাতে যাও।

## দ দুনিয়া

দুনিয়ায় র'বে ইবাদতে,
জান্নাত পাবে আখিরাতে।
জাহান্নামের ঐ আগুনে,
পুড়বে সব বেঈমানে।

